# লিউকোডার

## (ফ্লুকোনাজল)

## ট্যাবলেট

**উপাদান ঃ**

লিউকোডার ঃ প্রতিটি ট্যাবলেটে রয়েছে ফ্লুকোনাজল আইএনএন ৫০ মি.গ্রা.

**বর্ণনা ঃ**

লিউকোডার (ফ্লুকোনাজল) একটি ট্রায়াজল জাতীয় ছত্রাক বিরোধী উপাদান যা ছত্রাক কোষ আবরণীর সিকেলটিভ ইনহিবিটর । লিউকোডার (ফ্লুকোনাজল) ঈষ্ট এবং ছত্রাক কোষ আবরণীর এরগোষ্টেরল সংশ্লেষণে বাধা প্রদান করে কাজ করে থাকে। ইহার ব্রড স্পেকট্রাম কার্যকারিতা রয়েছে । লিউকোডার (ফ্লুকোনাজল) মুখে গ্রহণের ফলে দ্রুত এবং প্রায় সম্পূর্ণরূপে শোষিত হয় । খাদ্যের উপস্থিতিতে ঔষধ গ্রহণ করলেও ইহার শোষণে কোন প্রভাব পড়ে না।

**নির্দেশনা ঃ**

লিউকোডার যে সব চিকিৎসা ক্ষেত্রে নির্দেশিত ঃ

১. ভেজাইনাল ক্যানডিডিয়াসিস। ১৫০ মি.গ্রা. একক মাত্রায় সেব্য।

২. মিউকোজাল ক্যানডিডিয়াসিস ঃ অরোফেরেনজিয়াল ক্যানডিডিয়াসিস, ইসোফেগাইটিস, ক্যানডিডুরিয়া। লিউকোডার সিস্টেমিক ক্যানডিডাল সংক্রামণের (ক্যানডিডেমিয়া এবং ডিসেমিনেটেড,ক্যানডিডিয়াসিস সহ) চিকিৎসায়ও কার্যকরী।

৩. ক্রিপটোকক্কাল সংক্রমন (মেনিনজাইটিস সহ)

৪. টিনিয়া পেডিস, টিনিয়া কর্পোরিস, টিনিয়া ক্রুরিস, টিনিয়া ভারসিকালার, ডারমাল ক্যানডিডিয়াসিস এবং ওনিকোমাইকোসিস।

**সেবনমাত্রা ও গ্রহণ বিধি ঃ**

প্রাপ্ত বয়স্ক ঃ

* মিউকোজাল ক্যানডিডিয়াসিস (ভেজাইনাল ব্যতীত) ঃ দৈনিক ৫০ মি.গ্রা. হিসাবে (জটিল সংক্রমণে দৈনিক ১০০ মি. গ্রা.) অরোফেরিনজিয়াল ক্যানডিডিয়াসিস-এ ৭ থেকে ১৪ দিন এবং অন্যান্য মিউকোজাল সংক্রমণে (ইসোফেগাইটিস, ক্যানডিডুরিয়া) ১৪ থেকে ৩০ দিন ।

* সিস্টেমিক ক্যানডিডিয়াসিস এবং ক্রিপটোকক্কাল সংক্রমণে (মেনিনজাইটিস সহ) ঃ প্রথমত ৪০০ মি.গ্রা. এবং পরে ২০০ মি.গ্রা. দৈনিক, প্রয়োজনে মাত্রা বাড়িয়ে দৈনিক ৪০০ মি.গ্রা. হিসাবে দেয়া যেতে পারে । ঔষধের কার্যকারিতার উপরে চিকিৎসা চালিয়ে যাওয়া নির্ভর করবে ।

* টিনিয়া পেডিস, টিনিয়া কর্পোরিস, টিনিয়া ক্রুরিস, টিনিয়া ভারসিকালার এবং ডারমাল ক্যানডিডিয়াসিস : দৈনিক ৫০ মি.গ্রা. হিসাবে ২ থেকে ৪ সপ্তাহ (টিনিয়া পেডিসের ক্ষেত্রে ৬ সপ্তাহ পর্যন্ত) সর্বাধিক ৬ সপ্তাহ পর্যন্ত চিকিৎসা করা যেতে পারে।

* ওনিকোমাইসিস ঃ ১৫০ মি.গ্রা. সপ্তাহে ১ দিন ৬ মাস পর্যন্ত।

**শিশুদের ক্ষেত্রে ঃ**

স্বাভাবিক রেনাল কার্যক্ষমতা সম্পন্ন ১ বছরের উপরের বাচ্চাদের

ক্ষেত্রে ঃ

* সুপারফিসিয়াল ক্যানডিডাল সংক্রমণে ঃ দৈনিক ১-২ মি.গ্রা/কেজি দেহ ওজনে।

* সিস্টেমিক ক্যানডিডাল/ক্রিপটোকক্কাল সংক্রমণে ঃ দৈনিক ৩-৬মি.গ্রা./কেজি দেহ ওজনে । তীব্র সংক্রমণে যেখানে জীবনাশংকা দেখা দিতে পারে সেক্ষেত্রে ৫-১৩ বছরের শিশুদের দৈনিক ১২ মি.গ্রা/কেজি দেহ ওজনে দেয়া যেতে পারে। তবে দৈনিক সর্বাধিক সেবনমাত্রা ৪০০ মি.গ্রা. এর বেশী হওয়া উচিত নয়। অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য ।

**প্রতি নির্দেশনা**

স্তন্যদানকারী মা এবং যে সব রোগী ফ্লুকোনাজল এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে এটি প্রতিনির্দেশিত

**গর্ভাবস্থায় ব্যবহার**

মানুষের জন্য সুপারিশকৃত সেবনমাত্রার চেয়ে ২০ থেকে ৬০ গুণ বেশী সেবনমাত্রায় প্রাণীদের ক্ষেত্রে ভ্রুণের উপর বিরুপ প্রতিক্রিয়া দেখা গেছে । কিন্তু গর্ভবতী মহিলার ক্ষেত্রে পর্যাপ্ত এবং সুনিয়ন্ত্রিত সমীক্ষা পরিচালিত হয়নি। তাই গর্ভাবস্থায় একমাত্র তখনই ব্যবহার করা যেতে পারে যখন ভ্রুণের উপর সম্ভাব্য ঝুঁকির তুলনায় কার্যকরী উপকারিতা বেশী প্রয়োজনীয় এবং যুক্তিযুক্ত হয়।

**সতর্কতা**

কিডনির অকার্যকারিতা সম্পন্ন রোগীদের ক্ষেত্রে সেবনমাত্রা কিডনীর অকার্যকারিতার মাত্রা অনুসারে কমাতে হবে। ১ বছরের নীচের বাচ্চাদের ক্ষেত্রে ফ্লুকোনাজলের ব্যবহার সুপারিশ করা হয়নি।

**পার্শ্বপ্রতিক্রিয়া**

খুব অল্প বমি, বমিবমি ভাব, পাকস্থলীর অস্বাচ্ছন্দ্যতা, উদরাময় এবং পেট ফাঁপা দেখা দিতে পারে যা মৃদু ও ক্ষণস্থায়ী ।

**সংরক্ষণঃ**

আলো ও আর্দ্রতা থেকে দূরে ৩০° সেঃ তাপমাত্রার মধ্যে সংরক্ষণ করুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

**সরবরাহ**

লিউকোডার : প্রতিটি বাক্সে ২X১০টি ট্যাবলেট ব্লিস্টারে সরবরাহ করা হয় ।


প্রস্তুতকারক ঃ

*কেমিষ্ট ল্যাবরেটরীজ লিমিটেড*

কলেজ রো, বরিশাল, বাংলাদেশ